

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮ ৮৬

শান্তিরবাজার, ১৬ নভেম্বর, ২০২৪

পতিছড়িতে রাজ্যভিত্তিক মুড়াসিং সামাজিক ও সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত

রাজ্যভিত্তিক মুড়াসিং সামাজিক ও সাংস্কৃতিক উৎসব গতকাল পতিছড়ির মুড়াসিং পাড়ার মুক্তমধ্যে অনুষ্ঠিত হয়। সমবায় মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া একদিনের মুড়াসিং সামাজিক সাংস্কৃতিক উৎসবের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা। এছাড়াও উপস্থিত ছিলেন ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের কার্যনির্বাহী সদস্য অনন্ত দেববর্মা, এমডিসি সঞ্জিত রিয়াৎ, এমডিসি পদ্মলোচন ত্রিপুরা, ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের বীরচন্দ্র মনু জোনালের চেয়ারম্যান ডেভিড মুড়াসিং এবং যুগ্ম চেয়ারম্যান হরেন্দ্র রিয়াৎ, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক মনোজ কুমার সাহা প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মুড়াসিং সামাজিক সাংস্কৃতিক উৎসব কমিটির সম্পাদক ভাগ্যধরণ মুড়াসিং। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মুড়াসিং জনগোষ্ঠীর সমাজপতি সুনীল মুড়াসিং।

অনুষ্ঠানের উদ্বোধন করে সমবায় মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া বলেন, রাজ্য সরকার ত্রিপুরার ১৯টি জনজাতি গোষ্ঠীর ভাষা, সংস্কৃতি ও শিক্ষার বিকাশে নানা কর্মসূচি রূপায়ণ করছে। প্রত্যেক জনজাতি গোষ্ঠীকে সমান মর্যাদা দিয়ে সমাজপতিদের সাম্মানিক ভাতা চালু করেছে রাজ্য সরকার। আগরতলা বিমানবন্দরকে মহারাজা বীরবিক্রম মাণিক্যের নামে নামাকরণ করা হয়েছে। প্রধান অতিথি জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, জনজাতিদের আর্থসামাজিক উন্নয়নের পাশাপাশি রাজ্য সরকার তাঁদের ঐতিহ্যবাহী পরম্পরা, সংস্কৃতি, সাহিত্য, খেলাধুলা ইত্যাদি চর্চার সুযোগ তৈরী করে দিয়েছে। জনজাতি কল্যাণ দপ্তর থেকে বিদ্যুৎ, পানীয়জল, রাস্তা নির্মাণ ইত্যাদির মত জরুরী উন্নয়নমূলক কাজ করা হচ্ছে। নেশামুক্ত সমাজ গঠন করে রক্তদান এবং বৃক্ষরোপন কর্মসূচিতে এগিয়ে আসার জন্য যুব সমাজের প্রতি জনজাতি কল্যাণ মন্ত্রী আত্মান জানান। তথ্য ও সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে মেলায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। মেলায় বিভিন্ন সরকারি দপ্তর প্রদর্শনী মন্ত্র খুলেছে।
